

Bengali

video - reporting Domestic Violence v3

- 1) আপনি যার সাথে বাস করেন এমন কারোর দ্বারা যদি হুমকিপ্ৰাপ্ত কিংবা দৈহিকভাবে নিপীড়িত হন, তবে তা গৃহাভ্যন্তরীণ নির্যাতন বা ডমেস্টিক ভায়োলেন্স। যদি তা আপনার ক্ষেত্রে সংঘটিত হয়, তবে আমরা আপনাকে সাহায্য করবো এবং আমাদের সাহায্য পাবার জন্য আপনাকে একজন কাউন্সিল ভাড়াটে হতে হবে না। তাই অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন।
- 2) আমরা আপনাকে বিভিন্ন উপায়ে সাহায্য করতে পারি। আপনি একান্তে (প্রাইভেট) কিংবা পছন্দ করেন এমন স্থানে স্টাফের একজন সদস্যের সাথে কথা বলতে পারেন। আপনি কথা বলার জন্য আপনার সমলিঙ্গের একজন স্টাফ সদস্যও বেছে নিতে পারেন।
- 3) যদি আপনার একজন দোভাষী প্রয়োজন হয়, আমরা আপনাকে একজন সামনা-সামনি দোভাষী দিতে পারি। যদি আপনার নিজস্ব দোভাষী থাকে, তবে আমরা তাদের সাথে আনন্দের সাথে কাজ করবো। যদি আপনি ফোনে কথা বলতে চান, তবে আমরা টেলিফোন দোভাষী সরবরাহ করবো।
- 4) আমরা আপনার কথা শুনবো এবং আপনার পরিস্থিতি ব্যাখ্যার জন্য সময় দেবো। আপনি আমাদের যে তথ্য দেবেন, তা গোপনীয়। আমরা আপনার দেয়া তথ্য আপনি না চাইলে অন্যান্য সংস্থাকে প্রদান করবো না যদি না এতে শিশুদের নিরাপত্তা জড়িত থাকে।
- 5) আমরা আপনাকে নির্যাতিত হওয়ার অভিজ্ঞতা প্রমানের জন্য বলবো না এবং আপনি না চাইলে আপনি যার সাথে বাস করেন তার সাথে আমরা যোগাযোগ করবো না।
- 6) যদি আপনি আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে চান, তবে আমরা আপনাকে পরামর্শ দান করতে পারি। কিন্তু আপনাকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আমরা বল প্রয়োগ করবো না।
- 7) যদি আপনি একজন নির্যাতনের শিকার হয়ে থাকেন, তবে আপনার পছন্দের অনেক সুযোগ রয়েছে। আপনি আপনার বাড়িতে থাকতে চাইতে পারেন, নতুন একটি বাড়ি কিংবা জরুরী বাসস্থান পেতে পারেন। আমরা আপনার পছন্দের ব্যাপারে সহায়তা করতে পারি।]
- 8) যদি আপনি আপনার বাড়িতে থাকতে চান, তবে আমরা এ ব্যাপারে সাহায্য করতে পারি। এটা আইনানুগ পদক্ষেপসমূহকে জড়িত করতে পারে। আমরা আপনাকে সাহায্য করতে পারে এমন আইনজীবী পেতে সাহায্য করবো।
- 9) যদি আপনি অন্যত্র চলে যেতে চান, তবে আমরা আপনাকে একটি নতুন বাড়িতে যাবার জন্য সাহায্য করতে পারি। আমরা আপনাকে বিভিন্ন ধরনের হাউজিং সম্পর্কে তথ্য দিতে পারি, যেমন, হাউজিং এসোসিয়েশন এবং প্রাইভেট হাউজিং।
- 10) যদি আপনি আসন্ন বিপদে থাকেন এবং আপনার বাড়িতে থাকতে না পারেন, তবে আমরা আপনাকে জরুরী বাসস্থান প্রদান করতে পারি। যদি প্রয়োজন হয়, তবে নিউক্যাসেল-এর বাইরেও দিতে পারি।
- 11) যদি বিকাল 4:30 টার পর আপনার জরুরী বাসস্থানের প্রয়োজন হয়, তবে আমাদের আউট অভ আওয়ার্স ইমার্জেন্সী সার্ভিসে ফোন করুন।
- 12) এবং যদি আপনি আমাদের ভাড়াটীদের একজন হন, তবে গৃহাভ্যন্তরীণ নিপীড়ন (ডমেস্টিক ভায়োলেন্স) এর ফলে আপনার বাড়ি ক্ষতিগ্রস্ত হলে তা মেরামতে আমরা আপনাকে সাহায্য করবো। এছাড়া আমরা সেই ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবো যে আপনার বাড়ির ক্ষতিসাধন করেছে, যদি সে-ও আমাদের ভাড়াটীদের একজন হয়ে থাকে।

Bengali

13) আমরা আপনার বাড়ির জন্য অতিরিক্ত নিরাপত্তাও সরবরাহ করতে পারি কিংবা আপনাকে একটি ব্যক্তিগত এলার্ম বা সতর্কতা ঘন্টা দিতে পারি যা জরুরী পরিস্থিতির সাথে সংযুক্ত।

14) এছাড়া আমরা আপনাকে অন্যান্য সাহায্য সংস্থার সংস্পর্শে রাখতে পারি। উদাহরণস্বরূপ, আপনি ভিকটিম সাপোর্ট-এর সাথে যোগাযোগ করতে পারেন।

15) যদি আপনি গৃহভ্যন্তরীণ নিপীড়নের একজন শিকার হয়ে থাকেন তবে অনেক সহায়ক নেটওয়ার্ক রয়েছে যেগুলো আপনাকে সাহায্য করতে পারে। আমরা আপনাকে সাহায্য করতে প্রস্তুত রয়েছি। তাই অনুগ্রহপূর্বক সংস্পর্শে থাকুন।